

স্কুলের নাম : ছালাপাক মডেল অটিস্টিক ও বুদ্ধিপ্রতিবন্ধী বিদ্যালয়

প্রতিবন্ধী জনগোষ্ঠী আমাদের সমাজের অবিচ্ছেদ্য অংশ। বিশেষ গুণের অধিকারী প্রতিবন্ধী জনগোষ্ঠীকে বাদ দিয়ে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সার্বিক সাফল্য অর্জন সম্ভব নয়। প্রতিবন্ধীদের কল্যাণে আন্তরিকভাবে কাজ করছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকার। প্রতিবন্ধীদের সমাজের মূল স্রোতে আনতে সরকার বিভিন্ন ধরনের কর্মসূচি গ্রহণ করেছে। বর্তমান সরকার বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নের জন্য প্রতিবন্ধীদের নিয়ে কাজ করে যাচ্ছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও বিশিষ্ট পরমাণুবিজ্ঞানী ড. ওয়াজেদ মিয়ার একমাত্র মেয়ে সায়মা ওয়াজেদ পুতুল সারা বিশ্বে অটিস্টিক শিশুর অধিকার প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছেন। তারই ধারাবাহিকতায় বাংলাদেশ সরকারের অনুপ্রেরণায় অনুপ্রানিত হয়ে গংগাচড়া উপজেলার পিছিয়ে পড়া প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষার আলোয় আলোকিত করার জন্য গজঘন্টা ইউনিয়নের শিক্ষানুরাগী ব্যক্তি জনাব মোঃ ফারুক হোসেন ২০১৬ সালে ছালাপাক মডেল অটিস্টিক ও বুদ্ধিপ্রতিবন্ধী বিদ্যালয়টি প্রতিষ্ঠিত করেন। যেখানে গজঘন্টা তথা গংগাচড়ার প্রতিবন্ধী শিশুরা শিক্ষা লাভ করে আসতেছেন।



